

কবি পরিচিতি

রবি গঙ্গোপাধ্যায়। পিতা অমূল্যরতন গঙ্গোপাধ্যায়। মা আমোদবালা। জন্ম ১৯৪৭। বাংলা ১৩৫৩। ১লা কার্তিক। গ্রাম - ছোলাডাঙা। পোস্ট অফিস - মানকানালি। জেলা - বাঁকুড়া। পশ্চিমবঙ্গ। গ্রামটি অধুনালুপ্ত।

শিক্ষা : মধুবন গোয়েন্ধা বিদ্যালয়, বাঁকুড়া। খ্রীষ্টান কলেজ, বাঁকুড়া। কলকাতা বিশ্ববিদ্যালয়। বর্ধমান বিশ্ববিদ্যালয়। খ্রীষ্টান কলেজে দর্শনে সম্মান সহ বি.এ. ডিগ্রি। কলকাতা বিশ্ববিদ্যালয়ে দর্শনে এম.এ.। বর্ধমান বিশ্ববিদ্যালয়ে বাংলা ভাষা ও সাহিত্যে এম.এ.। বর্ধমান বিশ্ববিদ্যালয়ে বি.এড.। ঝাঁটিপাহাড়ী হায়ার সেকেন্ডারী স্কুলে দর্শন ও বাংলা ভাষার শিক্ষকতা।

ছেলেবেলা থেকে লেখার চর্চা। দাদা সুপ্রভাত গঙ্গোপাধ্যায় তখন দেশ আন্দোলনের নিয়মিত লেখক। ক্লাস সেভেনে প্রথম প্রকাশিত কবিতা 'কাজলনদী'। আসানসোলার দৈনিক লিপি পত্রিকার শারদ সংখ্যায়। বাংলা ভাষায় প্রকাশিত ছোট বড় প্রায় সব কাগজেই লেখা প্রকাশিত। কিছু গল্প প্রবন্ধও। উল্লেখযোগ্য পত্রপত্রিকা : আন্দোলন, দেশ, যুগান্তর, অমৃত, বসুমতী, সাপ্তাহিক বসুমতী, ভারতবর্ষ, কবিতা, কলকাতা, কৃতিবাস, সাপ্তাহিক কবিতা, দৈনিক কবিতা, পূর্বাশা, চতুরঙ্গ, উত্তরসূরী, কবি ও কবিতা, পরিচয়, এক্ষণ, প্রতিক্ষণ, ধ্রুপদী, কালপ্রতিমা ইত্যাদি। প্রকাশিত কাব্যগ্রন্থ দশটি : (১) ভালবাসায় অভিমানে, প্রথম প্রকাশ ১৯৭৬, দ্বিতীয় মুদ্রণ ২০১০, আকাদমিয়া, কলকাতা। (২) কবিতার কাছাকাছি একা, ১৯৮১, আকাদমিয়া, কলকাতা। (৩) বৃষ্টির মেঘ ১৯৮২, আকাদমিয়া, কলকাতা। (৪) কোলাগর ১৯৮৪, প্রমা, কলকাতা। (৫) আরশি টাওয়ার, ১৯৮৯, সংবেদ, কলকাতা। (৬) মা, ২০০৩, আর্বা, বাঁকুড়া। (৭) পূণ্যশ্রোক অঙ্ককারে, ২০০৮, কালপ্রতিমা, কলকাতা। (৮) উৎফুল্ল গোধূলি, ২০০৮, কালপ্রতিমা, কলকাতা। (৯) কয়েক টুকরো, ২০১০, কালপ্রতিমা, কলকাতা। (১০) প্রাচীন পদাবলী, ২০১০, কালপ্রতিমা, কলকাতা। সম্পাদিত পত্রিকা নিষাদ ও চিন্তাভাবনা।

পুরস্কার : অনুশ্রেণী। উল্লেখ্য কেবল একটি সর্বভারতীয় কবিতা প্রতিযোগিতায় কবি প্রেমেন্দ্র মিত্রের বিচারে প্রথম হওয়া। কলেজে প্রথম বর্ষের ছাত্রাবস্থায়। আর প্রবাদপ্রতিম কয়েকজন কবির স্নেহ। যেমন আনন্দ বাগচী, সুধেন্দু মল্লিক, সুনীল গঙ্গোপাধ্যায়, শক্তি চট্টোপাধ্যায়, সুভাষ মুখোপাধ্যায়, কমলকুমার মজুমদার, বাসুদেব দেব ও গোপনচাঁরী আরও কয়েকজন। আর কয়েকটি সং ও নিষ্ঠাবান পাঠকপ্রাপ্তি। দু'জন বাঙালি বিজ্ঞানী অধ্যাপকের মতো পাঠক পাওয়াও আমার পুরস্কার। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের প্রফেসর হিমাদ্রি চট্টোপাধ্যায় ও টেক্সাস বিশ্ববিদ্যালয়ের প্রফেসর পূর্ণেন্দু দাশগুপ্ত। এঁদের দুজনেরই দুটি একটি ক'রে কাব্যগ্রন্থ আছে।

পারিবারিক : স্ত্রী সর্বাণী (রেবা) গঙ্গোপাধ্যায়। বাংলা সাহিত্যের এম.এ.। বি.এড.। শিক্ষিকা। বর্তমানে অবসরপ্রাপ্ত। দুটি মেয়ে : বড়, রোচনা চট্টোপাধ্যায়, বাংলা ভাষা ও সাহিত্যের এম.এ., বর্ধমান বিশ্ববিদ্যালয়। ছোট, রাক্ষা ঘটক, ইংরেজী সাহিত্যের এম.এ., রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়। বড় জামাতা হিমাদ্রি চট্টোপাধ্যায়, এম.টেক., ঝড়গপুর আই.আই.টি.। ভূতপূর্ব সায়েন্টিস্ট সি.এস.আই.আর.। বর্তমানে যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর। ছোট জামাতা প্রফেসর দীননাথ ঘটক। পুরুলিয়া জে. কে. কলেজ। বিভাগীয় প্রধান, দর্শন বিভাগ। পুত্র সৌম্য গঙ্গোপাধ্যায়, এম.এস.সি., এম.বি.এ.। কর্পোরেট জগতের উচ্চপদে কর্মরত। পুত্রবধূ মথুরা চট্টোপাধ্যায়, এম.এস.সি., এম.বি.এ.। কর্পোরেট জগতে উচ্চপদে কর্মরত। পাঁচটি নাতি নাতনি : অগ্নিবোম, অমর্ত্যনীল, ঐশী, অর্চিয়ান, রুশা (মিষ্টি)।

ঠিকানা : রবি গঙ্গোপাধ্যায়

৭৩/৫ নতুনচিটি, বাঁকুড়া, পিন ৭২২১০১, পশ্চিমবঙ্গ